# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৩৫. দরজা কিংবা দেয়ালের কোন ফাঁকা জায়গা দিয়ে কারোর ঘরের অভ্যন্তরে তাকানো

সাহল বিন্ সা’দ্ সা’য়িদী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: জনৈক ব্যক্তি রাসূল (সা.) এর দরজার কোন এক ছিদ্র দিয়ে তাঁর ঘরের অভ্যন্তরে উঁকি মারছিলো। তখন রাসূল (সা.) এর হাতে একটি লোহার শলা ছিলো যা দিয়ে তিনি তাঁর মাথা চুলকাচ্ছিলেন। অতঃপর রাসূল (সা.) এর সাথে তার সাক্ষাৎ হলে রাসূল (সা.) তাকে উদ্দেশ্য করে বললেন:

لَوْ أَعْلَمُ أَنَّكَ تَنْظُرُنِيْ لَطَعَنْتُ بِهِ فِيْ عَيْنِكَ، إِنَّمَا جُعِلَ الْإِذْنُ مِنْ أَجْلِ الْبَصَرِ

“আমি যদি জানতাম তুমি আমাকে (দরজার ছিদ্র দিয়ে) দেখছো তা হলে আমি হাতের শলাটি দিয়ে তোমার চোখে আঘাত হানতাম। অবৈধ দৃষ্টি ক্ষেপণ থেকে বাঁচার জন্যই তো (শরীয়তে) অনুমতি চাওয়ার বিধান রাখা হয়েছে”।[1]

কেউ যদি দরজা, জানালা অথবা দেয়ালের কোন ফাঁকা জায়গা দিয়ে কারোর ঘরের অভ্যন্তরে তাকায় এবং উক্ত ঘরের কেউ যদি কোন কিছু দিয়ে আঘাত করে তার চোখটি নষ্ট করে দেয় তবে তাতে কোন দিয়ত তথা অর্থদন্ড নেই।

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لَوْ أَنَّ رَجُلاً اطَّلَعَ عَلَيْكَ بِغَيْرِ إِذْنٍ فَحَذَفْتَهُ بِحَصَاةٍ فَفَقَأْتَ عَيْنَهُ ، مَا كَانَ عَلَيْكَ مِنْ جُنَاحٍ

“যদি কেউ তোমার অনুমতি ছাড়াই তোমার ঘরে উঁকি মারে অতঃপর তুমি তাকে লক্ষ্য করেই পাথর মেরে তার চোখটি নষ্ট করে দিলে তাতে তোমার কোন অপরাধ নেই”।[2]

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ২১৫৬)

[2] (মুসলিম, হাদীস ২১৫৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11485

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন